



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

হজ-১ শাখা।

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

www.hajj.gov.bd

স্মারক নম্বর- ১৬.০০.০০০০.০০৩.৪০.০০১.২১-৩৩৭

তারিখ : ১৫ বৈশাখ, ১৪২৯
২৮ এপ্রিল, ২০২২

হজ ১৪৪৩ হিজরি/২০২২ খ্রিস্টাব্দে হজে গমনেচ্ছু ব্যক্তিবর্গ এবং হজ-সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য বিশেষ বিজ্ঞপ্তি

১৪৪৩ হিজরি/২০২২ খ্রিস্টাব্দে অনুষ্ঠিতব্য হজে গমনেচ্ছু এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোভিড পরিস্থিতি বিশ্বের সকল দেশে এখনো সম্পূর্ণ স্বাভাবিক না হওয়ায় এ বছর বিশেষ পরিস্থিতিতে এবং স্বল্পতম সময়ের প্রস্তুতিতে হজ অনুষ্ঠিত হতে যাচ্ছে। সুষ্ঠুভাবে হজ অনুষ্ঠানের লক্ষ্যে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের পক্ষ থেকে হজে গমনেচ্ছু ব্যক্তি এবং হজ কার্যক্রমে সংশ্লিষ্ট সকলের অবগতি এবং প্রস্তুতি গ্রহণের লক্ষ্যে নিম্নোক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে :

- (ক) ১৪৪৩ হিজরি/ ২০২২ সনের হজে ৬৫ বছর (পাসপোর্ট অনুযায়ী যাঁদের জন্ম তারিখ ১ জুলাই ১৯৫৭ খ্রিস্টাব্দ এবং পরবর্তী) এর কম বয়সী ব্যক্তিই কেবল হজ পালনের জন্য যোগ্য বলে বিবেচিত হবেন;
- (খ) ১৪৪১ হিজরি/ ২০২০ খ্রিস্টাব্দে সকল সরকারি ও বেসরকারি ব্যবস্থাপনায় নিবন্ধিত (Registered) হজযাত্রী ১৪৪৩ হিজরি সনে হজে যাবার সুযোগ পাবেন;
- (গ) ১৪৪১ হিজরি/ ২০২০ খ্রিস্টাব্দে ৬৫ বছরের উর্ধ্বে (পাসপোর্ট অনুযায়ী যাঁদের জন্ম তারিখ ৩০ জুন ১৯৫৭ সনে বা পূর্বে) নিবন্ধিত (Registered) বয়স্ক হজযাত্রী/হিতোমধ্যে মৃত্যাবরণকারী ব্যক্তির পরিবারের সদস্যদের মধ্যে কেউ হজে যেতে আগ্রহী হলে তিনি উক্ত শূন্য কোটা অগ্রাধিকার পাবেন। সরকারি ব্যবস্থাপনার ক্ষেত্রে পরিচালক, হজ অফিস, ঢাকার নিকট অনতিবিলম্বে বদলি হজযাত্রীর পাসপোর্টসহ আবেদন করবেন। বেসরকারি ব্যবস্থাপনার ক্ষেত্রে আগ্রহীগণ যোগ্য স্ব স্ব হজ এজেন্সির সঙ্গে যোগাযোগ করবেন। উভয় ক্ষেত্রেই, প্রস্তাবিত ব্যক্তির প্রাক-নিবন্ধন সম্পন্ন করতে হবে;
- (ঘ) স্বল্পতম সময়ের মধ্যে ২০২২ সনের হজের জন্য নতুনভাবে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করে ভিসা আবেদন করার লক্ষ্যে নিম্নোক্ত বিষয়ে প্রস্তুতি সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো:
 - (১) ২০২০ সনের নিবন্ধিত সরকারি ব্যবস্থাপনার হজযাত্রীগণ ২০২২ সনের হজ প্যাকেজ ঘোষণার ৩ কার্যদিবসের মধ্যে যেকোনো নিবন্ধন কেন্দ্র হতে প্যাকেজ স্থানান্তর সম্পন্ন করবেন। এ জন্য, ২০২০ সনে পরিশোধিত প্যাকেজ মূল্য সমন্বয় করে ২০২২ সনের যে কোনো একটি প্যাকেজের অবশিষ্ট অর্থ ভাউচারের মাধ্যমে সোনালী ব্যাংকে জমা করতে হবে। প্যাকেজ স্থানান্তর/নিবন্ধনের ৩ দিনের মধ্যে সরকারি ব্যবস্থাপনার হজযাত্রীদের স্ব স্ব পাসপোর্ট নিজ দায়িত্বে বিনা ব্যর্থতায় হজ অফিস ঢাকায় জমা দিতে হবে;
 - (২) বেসরকারি ব্যবস্থাপনার ২০২০ সনের নিবন্ধিত হজযাত্রীগণ নিজ নিজ এজেন্সি ঘোষিত প্যাকেজ (সরকারি ব্যবস্থাপনার সর্বনিম্ন প্যাকেজের নিম্নে নয়) দ্রুত নির্ধারণ ও অবশিষ্ট অর্থ পরিশোধ করে এজেন্সির সহায়তায় হজে গমনের কার্যক্রম গ্রহণ করবেন;
 - (৩) নিবন্ধন নিশ্চিত করার জন্য সরকারি ও বেসরকারি উভয় ব্যবস্থাপনায় হজে গমনেচ্ছুগণ পাসপোর্ট এর মেয়াদ যাচাই করে কমপক্ষে ৪ জানুয়ারি ২০২৩ সন পর্যন্ত মেয়াদযুক্ত পাসপোর্ট প্রস্তুত রাখবেন। যাঁদের পাসপোর্টের মেয়াদ শেষ হয়ে গেছে বা নতুন করে পাসপোর্ট করতে হবে, তাঁরা অতীত জরুরী ভিত্তিতে পাসপোর্ট করবেন;
 - (৪) হজের সময়ে সৌদি কর্তৃপক্ষের নিয়ম মোতাবেক প্রতিটি স্থানে গ্রুপভিত্তিক চলাচল করতে হবে;
 - (৫) হজের সফরের প্রতিটি ক্ষেত্রে রাজকীয় সৌদি সরকারের প্রবর্তিত নিয়ম অনুসারে স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে;
 - (৬) কোভিড ভ্যাকসিন এবং ভ্যাকসিনের বুস্টার ডোজ গ্রহণ করে টিকা গ্রহণের সার্টিফিকেট হজের পুরো সফরে ব্যবহারের লক্ষ্যে একাধিক কপি/ আইডি কার্ড আকারে লেমিনেট কপি প্রস্তুত রাখবেন;
 - (৭) নিবন্ধন ব্যতীত কোভিড ভ্যাকসিন নিয়ে থাকলে অথবা "সুরক্ষা" এ্যাপস-এ টিকা নেয়ার তথ্য আপডেট নেই এমন হজযাত্রীকে টিকা গ্রহণের তথ্য "সুরক্ষা" এ্যাপস-এ অন্তর্ভুক্তক্রমে টিকার সার্টিফিকেট গ্রহণ করতে হবে অর্থাৎ টিকা গ্রহণ করলেই চলাবে না, টিকা গ্রহণের সার্টিফিকেট অবশ্যই সঙ্গে নিতে হবে;
 - (৮) হজে গমনের ৭২ ঘণ্টার মধ্যে কোভিড পরীক্ষার নেগেটিভ রিপোর্ট সঙ্গে নিতে হবে;
 - (৯) হজযাত্রীগণ নিয়মিত সেবন করেন এরূপ কোন ঔষধ সৌদি আরবে নেওয়ার প্রয়োজন থাকলে তা অবশ্যই রেজিস্টার্ড চিকিৎসকের/হাসপাতালের ব্যবস্থাপত্র সঙ্গে করে লাগেজে বহন করবেন। কোন প্রকার ব্যবস্থাপত্র বিহীন ঔষধ সঙ্গে নেয়া যাবে না;
 - (১০) হজযাত্রী, গাইড বা সংশ্লিষ্ট কোন ব্যক্তি জর্দা, গুলসহ নেশাজাতীয় দ্রব্য সঙ্গে নিতে পারবেন না;
 - (১১) সৌদি সরকারের নিয়ম অনুযায়ী সৌদি আরব হতে প্রত্যাগমনের সময় ৬০,০০০ (ষাট হাজার) সৌদি রিয়ালের অধিক নগদ অর্থ বা সমমূল্যের স্বর্ণালংকার বা মূল্যবান কোন দ্রব্যাদি বহন করলে উক্ত যাত্রীকে সৌদি স্থানীয় কাস্টমস কর্তৃপক্ষকে লিখিতভাবে অবহিত করতে হবে এবং মূল্যবান দ্রব্যাদি জন্মের ইলেকট্রনিক্যাল ভাউচার প্রদর্শন করতে হবে;
 - (১২) হজের বিষয়ে কোন তথ্য জানার জন্য হজ অফিস, ঢাকার কলসেন্টার ০৯৬০২৬৬৬৭০৭ নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

হজের বিষয়ে এরপরও কোন তথ্য জানার প্রয়োজন হলে হজ অনুবিভাগের ফোকাল পয়েন্ট উপসচিব (হজ-১) জনাব আবুল কাশেম মুহাম্মদ শাহীন মোবাইল নম্বর : ০১৭২০-২০৯৫৯৯, ই-মেইল: akm.shaheen@gmail.com এ যোগাযোগ করতে পারবেন।

২৮-০৪-২০২২

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব

ফোন : ৫৫১০১১১৮

ই-মেইল : akm.shaheen@gmail.com